

» কলকাতায় সিসি টিভি কম

গৃহস্থালির নিরাপত্তায় কলকাতায় মাত্র ১৬ শতাংশ বাসিন্দা সিসি টিভি ব্যবহার করেন। গোটা দেশে এর ব্যবহার ৪৩.১ শতাংশ। ৮০ শতাংশের কাছাকাছি বাসিন্দাই প্রতিবেশীর সঙ্গে দেখা করতে গেলে বাড়ির জানলা খুলে যান। এখানকার ৩৮.৬ শতাংশ বাসিন্দা জানিয়েছেন, তাঁরা অর্ধেকের বেশি প্রতিবেশীকে চেনেন। গোদরেজ সিকিউরিটি সলিউশন্স-এর (জিএসএস) সমীক্ষায় উঠে এসেছে এই তথ্য। আগামীতে কলকাতায় তাদের গৃহস্থালির নিরাপত্তা-সংক্রান্ত বিপণন কেন্দ্রের সংখ্যা বাড়াতে চলেছে জিএসএস। ১৬৫ থেকে এই সংখ্যা আগামী ২০২০ সালের মধ্যে ২০০ করা হবে। নিরাপত্তার এই বৈদ্যুতিন পণ্যগুলি হল সিসিটিভি, অ্যালার্ম সিস্টেম্‌স, ভিডিও ডোর ফোন্‌স, পার্সোনাল লকার-সহ অন্যান্য জিনিস।